

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ২১৮

১/ বিবিধ

আরবী

من سافر من دار إقامته يوم الجمعة دعت عليه الملائكة أن لا يصحب في سفره
ضعيف

رواه الدارقطني في "الأفراد" من حديث ابن عمر مرفوعاً
قال ابن القيم في "الزاد" (1 / 145) : وهو من حديث ابن لهيعة
قلت: وهو ضعيف من قبل حفظه، وأشار الحافظ في "التلخيص" إلى إعلاله به، وأما
تصحيح البجيرمي للحديث في "الإقناع" (2 / 177) فمما لا وجه له إطلاقاً
وروى ابن أبي شيبه (1 / 206 / 1) بسند صحيح عن حسان بن عطية قال
إذا سافر يوم الجمعة دعي عليه أن لا يصاحب ولا يعان في سفر
فهذا مقطوع، ولعل هذا هو أصل الحديث، فوصله ورفع ابن لهيعة بسوء حفظه

বাংলা

২১৮। যে ব্যক্তি জুম'আর দিবসে তার বাসগৃহ হতে সফর করবে, ফেরেশতারা তার বিরুদ্ধে দো'আ করবে যেন তার সফরে কোন সঙ্গী না মিলে।

হাদীসটি দুর্বল।

এটি দারাকুতনী “আল-আফরাদ” গ্রন্থে ইবনু উমার (রাঃ)-এর হাদীস হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। ইবনুল কাইয়্যিম “যাদুল মায়াদ” গ্রন্থে (১/১৪৫) বলেছেনঃ এটি ইবনু লাহীয়াহ হতে বর্ণিত হাদীস।

আমি (আলবানী) বলছিঃ হেফযের দিক থেকে তিনি দুর্বল। হাফিয ইবনু হাজার “আত-তালখীস” গ্রন্থে এ কারণের

দিকেই ইঙ্গিত করেছেন। বুজায়রেমী “আল-ইকনা” গ্রন্থে (২/১৭৭) হাদীসটিকে সহীহ বলেছেন। কিন্তু সহীহ বলার কোন যৌক্তিকতা নেই। ইবনু আবী শায়বা (১/২০৬/১) সহীহ সনদে হাসসান ইবনু আতিয়া হতে বর্ণনা করেছেন। কিন্তু এটি মাকতু’, সম্ভবত এটিই হাদীসটির মূল। ইবনু লাহীয়াহ তার হেফযে ত্রুটি থাকার কারণে মারফু করে দিয়েছেন। হাদীসটির অন্য একটি সূত্র রয়েছে কিন্তু সেটি বানোয়াট। সেটি হচ্ছে নিম্নোক্ত হাদীসটি (দেখুন পরেরটি)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5478>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন